
নতুন সংস্করণ

ছড়ার ছবি

১



শিশু সাহিত্য সংসদ

ছড়ার ছবি ১



শিশু সাহিত্য সংসদ



তাঁতির বাড়ি
ব্যাঙের বাসা
কোলা ব্যাঙের ছা।
খায় দায়
গান গায়—
তাই রে—নাই রে না।



চাঁদ উঠেছে ফুল ফুটেছে
কদম তলায় কে?
হাতি নাচছে ঘোড়া নাচছে
সোনামণির বে।



খোকা যাবে রথে চড়ে
ব্যাং হবে সারথি;
মাটির পুতুল লটর পটর
পিঁপড়ে ধরে ছাতি।



খোকন খোকন করে মায়
খোকন গেছে কাদের নায়?
সাতটা কাকে দাঁড় বায়
খোকন রে তুই ঘরে আয়।



সোনা নাচে কোনা
বলদ বাজায় ঢোল।
সোনার বউ রেঁধে রেখেছে
ইলিশ মাছের ঝোল।




খোকা যাবে শ্বশুরবাড়ি
সঙ্গে যাবে কে?
ঘরে আছে হুলো বেড়াল
কোমর বেঁধেছে।



গড়গড়ের মা লো—
তোর গড়গড়াটা কই?
হালের গোরু বাঘে খেয়েছে
পিঁপড়ে টানে মই।




হাট্টিমা টিম টিম
তারা মাঠে পাড়ে ডিম।
তাদের খাড়া দুটো শিং
তারা হাট্টিমা টিম টিম।




আক বাড়ির পাশে
ভুঁড় শিয়ালি নাচে।
বাড়ির বেগুন ডোবার মাছ
তা খেয়ে খেয়ে ভোঁদড় নাচ।




আয়রে আয় টিয়ে
নায় ভরা দিয়ে
না' নিয়ে গেল বোয়াল মাছে
তাই না দেখে ভোঁদড় নাচে;
ওরে ভোঁদড় ফিরে চা,
খোকার নাচন দেখে যা।



খোকা গেছে মাছ ধরতে
ক্ষীর নদীর কূলে।
ছিপ নিয়ে গেল কোলা ব্যাং
মাছ নিয়ে গেল চিলে।



উদবিড়ালে খুদ খায়,
চালে নাচে ফিঙে;
পুঁটি মাছে গীত গায়
মাগুর বাজায় শিঙে।



কুকুর বাজায় টুমটুমি
বানর বাজায় ঢোল;
টুনটুনিয়ে টুনটুনাল
ইঁদুর বাজায় খোল।
সাপের মাথায় ব্যাং নাচুনি
চেয়ে দেখরে খোকনমণি।



আদুড় বাদুড় চালতা বাদুড়
কলা বাদুড়ের বে—
টোপর মাথায় দে।
দেখতে যাবে কে?
চামচিকেতে বাজনা বাজায়
খ্যাংরা কাঠি দে।

নোটন নোটন পায়রাগুলি ঝোটন বেঁধেছে
ওপারেতে ছেলে মেয়ে নাইতে নেমেছে।
দুই ধারে দুই রুই কাতলা ভেসে উঠেছে,
কে দেখেছে, কে দেখেছে? দাদা দেখেছে।
দাদার হাতে কলম ছিল ছুড়ে মেরেছে—
উঃ, বড্ড লেগেছে!

